# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

## ঃ সেপ্টেম্বর' ২০২৩ মাসের সাধারণ সভার আংশিক কার্যবিবরনী ঃ

সভার স্থান ঃ সোনার বাংলা সম্মেলন কক্ষ

সভার তারিখ ঃ ১৯/০৯/২০২৩ খ্রিঃ, বেলা – ১১:০০ ঘটিকা

সভার সভাপতি ঃ **শেখ তোজাম্মেল হক টুটুল**

মেয়র

টুঙ্গিপাড়া পৌরসভা।

উপস্থিত সদস্য বৃন্দ ঃ

| ক্রমিক নং | নাম ও পরিচয় | স্বাক্ষরিত |
|---|---|---|
| ০১। | জনাব কুলছুম খানম, কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১ | স্বাক্ষরিত |
| ০২। | জনাব মোছাঃ রচনা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৩। | জনাব পাপিয়া বেগম, কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৪। | জনাব মোহাম্মদ আলমগীর হোসেন শেখ, কাউন্সিলর, ওয়ার্ড নং -০১ | স্বাক্ষরিত |
| ০৫। | জনাব কাজী দেলোয়ার হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২ | স্বাক্ষরিত |
| ০৬। | জনাব মইনুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩ | স্বাক্ষরিত |
| ০৭। | জনাব কাজী আরিফুজ্জামান, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ | স্বাক্ষরিত |
| ০৮। | জনাব কাজি ফকরুল আলম, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫ | স্বাক্ষরিত |
| ০৯। | জনাব মোঃ ফায়েক শেখ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬ | স্বাক্ষরিত |
| ১০। | জনাব মোঃ চান মিয়া শেখ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭ | স্বাক্ষরিত |
| ১১। | জনাব কেরামত আলী মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮ | স্বাক্ষরিত |
| ১২। | জনাব মোঃ নাসির শেখ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯ | স্বাক্ষরিত |

### ঃসেপ্টেম্বের' ২০২৩ মাসের বিশেষ সভার আংশিক কার্যবিবরনী ঃ

**০৩। আলোচ্য বিষয় ঃ** নগর সমন্বয় কমিটি (TLCC) এর সভায় আলোচনা প্রসঙ্গে।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ–** নগর সমন্বয় কমিটির সভায় সভাপতি মহোদয় স্বাগত বক্তব্যে বলেন যে, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টোর) প্রকল্প (UGIIP-3) প্রকল্পের মেয়াদ শেষে পরবর্তী নতুন প্রকল্প "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) প্রকল্পে টুঙ্গিপাড়া পৌরসভা উন্নীত হয়েছে। যে সকল পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টোর) প্রকল্প (UGIIP-3) প্রকল্প ছিল, সেসব পৌরসভা অতি সহজে "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) প্রকল্পভুক্ত হয়নি। এই নতুন প্রকল্পে টুঙ্গিপাড়া পৌরসভাকে অন্তর্ভূক্ত করা ছিল খুবই কঠিন কাজ। অনেক দক্ষতার পরিচয় দিয়ে টুঙ্গিপাড়া পৌরসভাকে "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) প্রকল্পের অন্তর্ভূক্ত করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ পৌর এলাকার সকল সমস্যা উপস্থাপন করে থাকেন এবং পরে সে সকল সমস্যা পৌর পরিষদের সভার মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে পৌরসভার উন্নয়ন সংক্রান্ত উন্মুক্ত আলোচনা করার অনুমতি প্রদান করে স্বাগত বক্তব্য প্রদান করেন।

শহরে দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি জনাব ওমর শেখ বলেন যে, ১) কেড়াইলকোপা শেখ বাড়ি পারিবাড়িক কবরস্থানের রাস্তা নির্মাণ করা অতীব জরুরী, ২) ০২ নং ওয়ার্ডের শেষ প্রান্তে অর্থ্যাৎ উত্তর দিকে জাকির হোসেন এবং লিটন কমিশনারের বাড়ির পাশে রাস্তা নির্মাণ এবং ৩) ০২ নং ওয়ার্ডে ড্রেণ সংস্কারকরণের প্রস্তাব করেন।

নাগরিক সমাজের প্রতিনিধি ০৪ নং ওয়ার্ড নিবাসী জনাব শেখ কাকলী সভায় বলেন যে, ০৪ নং ওয়ার্ডে ভি.আ.পি রেষ্ট হাউজের সামনে কিছু জায়গা অন্ধকার থাকে, সেখানে সোলার স্থাপন করা প্রয়োজন এবং মহিলা বিষয়ক অধিদপ্তর এবং মহিলা সংস্থার মাধ্যমে ট্রেনিং সেন্টারে দুর্ণীতি বা অনিয়ম হচ্ছে কি-না জনগণ সুযোগ সুবিধা পাচ্ছে কি-না সে সম্পর্কে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষনের জন্য আকুল আবেদন করেন।

সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি ডাঃ আলিফ শাহারিয়ার সভায় বলেন যে, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে, ১০ দিন পূর্বে ডেঙ্গু রোগীর সংখ্যা যা ছিল, বর্তমানে বহুগুন বৃদ্ধি পেয়েছে। বর্তমানে হাসপাতালের সীট খালি নেই, ফ্লোরে রোগী রাখা হচ্ছে। তিনি সভাপতি মহোদয়কে ধণ্যবাদ জানিয়ে বলেন যে, পৌরসভা থেকে মশন নিধন করা হচ্ছে, যা পৌরবাসীর জন্য খুবই ভাল কাজ। তিনি সকল বাসা-বাড়ির আঙ্গিনায় এবং ছাদে পানি জমে থাকতে না পারে সেদিকে সবাইকে লক্ষ্য রাখা, মশারী টাঙিয়ে ঘুমানো এবং বৃদ্ধ ও বাচ্চাদের প্রতি বেশি বেশি যত্নশীল হওয়ার কথা বলে তার সংক্ষিপ্ত বক্তব্য সমাপ্ত করেন।

কাউন্সিলর জনাব কুলছুম খানম বলেন যে, ০৫ নং ওয়ার্ডের ড্রেণ পরিষ্কার ও সংস্কার করা প্রয়োজন। ০৫ নং ওয়ার্ডের ড্রেনের সাথে প্রায় পরিবারের টয়লেটের মলের সংযোগ দেওয়া আছে। তিনি উক্ত ড্রেণ পরিষ্কারের প্রস্তাব করেণ।

পেশাজীবী প্রতিষ্ঠানের প্রতিনিধি উপজেলা ভাইস চেয়ারম্যান ০৬ নং ওয়ার্ড নির্বাসী জনাব কাজী সোফিদা আক্তার জোনাকি সভায় বলেন যে, ০৬ নং ওয়ার্ডে জনাব কাজী সোফিদা আক্তার জোনাকির বাড়ির পাশে ড্রেণ না থাকায় পানি জমে থাকে। তিনি উক্ত স্থানে একটি ড্রেণ নির্মাণের জন্য প্রস্তাব করেন।

০৯ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নাসির শেখ বলেন যে, ১) পাটগাতী কিচেন মার্কেটের উপর দিয়ে পানি পড়ে, কিচেন মার্কেট মেরামতকরণ ২)কিচেন মার্কেটে ড্রেণ নির্মাণ ও আর.সি.সি. ঢালু রাস্তা স্লোভ করা, ৩) চান্দির দক্ষিন পাশে বৃষ্টির ছিটানো পানি প্রবেশ করায় সেখানে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা এবং ৪) গওহরডাঙ্গা মাদ্রাসার গেট সংস্কার এবং চৌরঙ্গি মসজিদের ঘাটলা সংস্কার ও সৌর বিদ্যুৎ স্থাপন করা খুবই জরুরী। তিনি আরও বলেন যে, চৌরঙ্গি মসজিদের ঘাটলায় কোন লাইট নাই। মুসুল্লিদের অযু করতে অনেক কষ্ট হয়। সেজন্য তিনি ঐতিহ্যবাহি গওহরডাঙ্গা মাদ্রাসার প্রবেশ গেট সংস্কার এবং লাইট স্থাপন এবং চৌরঙ্গি মসজিদের ঘাটলায় সোলার স্থাপনের প্রস্তাব করেন।

সমাপনী বক্তব্যে সভাপতি মহোদয় বলেন যে, নতুন প্রকল্প "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) এর মাধ্যমে উপরোল্লিখিত প্রস্তাবিত কিছু কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনী ব্যবস্থা গ্রহন হবে মর্মে সমাপনী বক্তব্য প্রদান করেন।

* * * * * * * * * * * * * *

**ঃ সেপ্টেম্বর' ২০২৩ মাসের সাধারণ সভার আংশিক কার্যবিবরনী ঃ**

(শেখ তোজাম্মেল হক টুটুল)
মেয়র
টুঙ্গিপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।